

২০ মার্চের পর ঈদের ছুটি শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৪-২০ মার্চ অনলাইনে ক্লাস

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ১১ মার্চ ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগামী বৃহস্পতিবার পর্যন্ত সশরীরে ক্লাস চলবে। এরপর ১৪ থেকে ২০ মার্চ পর্যন্ত শিক্ষার্থীদের ক্লাস হবে অনলাইনে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর জানিয়েছে, গত ৬ মার্চ উপাচার্যের সভাকক্ষে ডিনস কমিটির এক সভায় রমজান মাসে অনলাইনে ক্লাস নেওয়ার এই সিদ্ধান্ত হয়। তবে নির্ধারিত পরীক্ষাগুলো যথারীতি সশরীরে অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অধিদপ্তরের পরিচালক রফিকুল ইসলাম পান্না জানিয়েছেন, ২০ মার্চের পর ঈদের ছুটি শুরু হবে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী বন্ধের সময়সূচি পরে জানানো হবে।

ঈদের পর ৩ এপ্রিল বিশ্ববিদ্যালয় পুনরায় খুলবে বলে নিশ্চিত করেছেন  
তিনি